



ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ

প্রধান কার্যালয়, বিডিবিএল ভবন (১৩-১৬ তলা)

৮, ডিআইটি এভিনিউ, ঢাকা।

অ্যাডমিনিস্ট্রেশন ডিভিশন

নিয়োগ বিজ্ঞপ্তি

ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (আইসিবি)-এর নিম্নবর্ণিত শূন্য পদ পূরণের জন্য প্যানেল তৈরীর উদ্দেশ্যে বাংলাদেশী যোগ্য নাগরিকদের নিকট হতে স্বহস্তে লিখিত দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। উক্ত পদসমূহের জন্য আবশ্যিকীয় শিক্ষাগত যোগ্যতা, বয়স ও অন্যান্য প্রয়োজনীয় তথ্যাদি নিম্নে প্রদত্ত হল :

ক্রমিক নং	পদের নাম ও বেতন স্কেল	বয়সসীমা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
০১।	সিনিয়র অফিসার ১১০০০-২০৩৭০/-	৩০ বছর	(ক) দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর বা সমমান/চার বৎসর মেয়াদী স্নাতক সন্মান বা সমমানের ডিগ্রী; এবং (খ) মাধ্যমিক বা উচ্চ মাধ্যমিক বা স্নাতক পর্যায়ে যে কোন একটিতে প্রথম শ্রেণী বা প্রথম বিভাগ। তবে কোনটিতে তৃতীয় বিভাগ বা শ্রেণী থাকা চলবে না। O লেভেল এবং A লেভেল ডিগ্রীধারীদের ক্ষেত্রে O লেভেল পর্যায়ে ন্যূনতম ৫টি বিষয়ে A এবং A লেভেল পর্যায়ে ন্যূনতম একটি বিষয়ে A থাকতে হবে। তবে কোন ক্ষেত্রে গড় নম্বরে সি গ্রহণযোগ্য হবে না; গ) প্রেডিং পদ্ধতির ক্ষেত্রে স্নাতক/স্নাতকোত্তর পর্যায়ে সিজিপিএ ২.৭৫ এবং মাধ্যমিক/উচ্চ মাধ্যমিক পর্যায়ে জিপিএ ৩.২৫ থাকতে হবে; ঘ) অর্থনীতি, হিসাব বিজ্ঞান, ফিন্যান্স, ব্যাংকিং, ব্যবস্থাপনা, মার্কেটিং, পরিসংখ্যান, আইন, সাংবাদিকতা, এমবিএ, এমবিএম, ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম (এমআইএস), ইংরেজী, ফিন্যান্সিয়াল রিস্ক ম্যানেজমেন্ট (এফআরএম) এবং গণিত বিষয়ে ডিগ্রীধারীদের অগ্রাধিকার দেয়া হবে।
০২।	অফিসার ৮০০০-১৬৫৪০/-	৩০ বছর	ক) দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী/চার বৎসর মেয়াদী স্নাতক সন্মান ডিগ্রী বা প্রকৌশলে দ্বিতীয় শ্রেণীর তবে মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক বা স্নাতক পর্যায়ে কোনটিতে তৃতীয় বিভাগ বা শ্রেণী থাকা চলবে না; খ) প্রেডিং পদ্ধতির ক্ষেত্রে স্নাতক/ স্নাতকোত্তর পর্যায়ে সিজিপিএ ২.৫০ এবং মাধ্যমিক/উচ্চ মাধ্যমিক পর্যায়ে জিপিএ ৩.০০ থাকতে হবে।
০৩।	এম.এল.এস.এস. ৪১০০-৭৭৪০/-	৩০ বছর	অষ্টম শ্রেণী পাস।

০২। আবেদন ইচ্ছুক প্রার্থীদের স্বহস্তে লিখিত আবেদনপত্রের সাথে নিম্নলিখিত তথ্য সম্বলিত জীবন বৃত্তান্ত (ইংরেজীতে) সংযুক্ত করতে হবে :

- Name (In Block Letter) :
- Father's/Husband's Name :
- Mother's Name :
- Permanent Address :
- Present Address (With Contact Phone No) :
- Home District :
- Date of Birth :
- Age (as on 28.02.2010) :
- Nationality :
- National ID No (if there is) :
- Educational Qualification :

Name of Exam.	Division/Class/Grade	Board/University	Year of passing

- Experience (if any) :
- Bank Draft/Pay Order No. :
(Date & name of the Issuing Bank Branch)
- Signature of the Applicant (with date) :

০৩। আবেদনপত্রের সাথে যে সমস্ত কাগজপত্র /ডকুমেন্ট দাখিল করতে হবে :

- ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ এর অনুকূলে ১০০.০০ (একশত) টাকার ব্যাংক ড্রাফট/পেমেন্ট অর্ডার (অফেরৎযোগ্য)।
- প্রথম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত সম্প্রতি তোলা আবেদনকারীর পাসপোর্ট সাইজের ২(দুই) কপি ছবি।
- প্রথম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত শিক্ষাগত যোগ্যতার স্বপক্ষে বোর্ড/বিশ্ববিদ্যালয় হতে ইস্যুকৃত মূল/সাময়িক সনদপত্রের ফটোকপি। বিদেশী বিশ্ববিদ্যালয় হতে প্রাপ্ত ডিগ্রীর ক্ষেত্রে দেশী সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়/বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন হতে ইস্যুকৃত সমমান সার্টিফিকেট (Equivalence Certificate) অবশ্যই দরখাস্তের সাথে দাখিল করতে হবে।
- নিজ জেলার সমর্থনে নাগরিকত্ব সার্টিফিকেট (ইউনিয়ন পরিষদ/পৌরসভার চেয়ারম্যান কিংবা সিটি কর্পোরেশনের ক্ষেত্রে ওয়ার্ড কমিশনার অথবা প্রথম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক প্রদত্ত সার্টিফিকেট)।
- অভিজ্ঞতা সনদপত্র এবং জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি (যদি থাকে)।
- প্রার্থী উপ-জাতীয় সম্প্রদায়ভুক্ত, মুক্তিযোদ্ধা, শহীদ মুক্তিযোদ্ধাদের সন্তান এবং প্রতিবন্ধী হলে সংশ্লিষ্ট ক্ষেত্রে সনদপত্রের সত্যায়িত ফটোকপি।

- ক) শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা হিসাবে চাকুরী প্রার্থীকে আবেদনপত্রের সাথে শহীদ মুক্তিযোদ্ধা পিতা/মাতার মুক্তিযোদ্ধা সংক্রান্ত সাময়িক সার্টিফিকেট (যা গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সচিব এবং মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী কর্তৃক স্বাক্ষরিত/প্রতিস্বাক্ষরিত হতে হবে) -এর সত্যায়িত কপি আবেদন পত্রের সাথে দাখিল করতে হবে।
- খ) চাকুরীরত প্রার্থীগণকে স্ব-স্ব নিয়োগকারী কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- গ) আবেদনপত্রের শীর্ষে ডানে এবং খামের উপরে পদের নাম এবং জেলা উল্লেখ করতে হবে।
- ঘ) ত্রুটিপূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। আবেদনপত্র বাছাইয়ের পর যাদের আবেদনপত্র গৃহীত হবে শুধুমাত্র তাদেরকে নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য ডাকা হবে।
- ঙ) পরীক্ষা/সাক্ষাৎকার -এর জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।
- চ) সরকার কর্তৃক জারীকৃত সকল নীতিমালা অনুসরণ করা হবে।
- ছ) কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ যে কোন/সকল আবেদন বাতিল করার কিংবা নিয়োগ কার্যক্রম পরিবর্তন, সংশোধন ও বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।
- জ) আবেদনপত্র উপ-মহাব্যবস্থাপক, অ্যাডমিনিস্ট্রেশন ডিভিশন, ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ, প্রধান কার্যালয়, বিডিবিএল ভবন (১৩ তলা), চ, ডি.আই.টি এভিনিউ, ঢাকা-১০০০ -এর নিকট আগামী ৩১ মার্চ, ২০১০ তারিখের মধ্যে পৌঁছাতে হবে।

উপ-মহাব্যবস্থাপক
অ্যাডমিনিস্ট্রেশন ডিভিশন